(৩৮)

দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 2 9 2006 ...
পৃষ্ঠা 7 কলাম ৬

# আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলন দুর্বার গতিতে চলবে

## *জমিয়াতুল মোদার্রেছীন স্ট্যান্ডিং কমিটির সিদ্ধান্ত*

**স্টাফ রিপোর্টার**

ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলন জোরালো করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন। গতকাল (বৃহস্পতিবার) জমিয়ত সভাপতি আলহাজ্ব এ এম এ বাহাউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় স্ট্যান্ডিং কমিটির বৈঠকে ফাজিল-কামিলকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করতে জাতীয় সংসদে উত্থাপিত বিল পর্যালোচনা করে স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে *৮-এর পৃঃ ৪-এর কঃ দেখুন*

## আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোল

*প্রথম পৃষ্ঠার পর*

দুর্বার আন্দোলনের সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে বলা হয়, জমিয়াতুল মোদার্রেছীন, পীর-মাশায়েখ, আলেম-উলামা, আওয়ামী লীগ, জাতীয় পার্টি, ইসলামী ঐক্যজোটসহ ইসলামী দল, সংস্থা, আরবী বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি, ছাত্র সংগঠনসমূহ বিশেষ করে প্রখ্যাত আলেমে দ্বীন, দেশের সর্বজনমান্য পীর ছাহেব কেলা ফুলতলীর লংমার্চের দুর্বার আন্দোলনের মুখে ফাজিল-কামিলকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ন্যস্ত না করার সিদ্ধান্তকে আমরা মোবারকবাদ জানাচ্ছি। তবে সীমান্তের সন্নিকটে শান্তিডাঙ্গায় অবস্থিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল ও কামিলকে ন্যস্ত করার সিদ্ধান্ত জমিয়ত সমর্থন করে না বলে বৈঠকে বলা হয়, সরকার ইতিপূর্বে ফাজিল ও কামিলকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার প্রস্তাব করলে দেশের আলেম-ওলামা, পীর-মাশায়েখ ও শিক্ষকসহ সকল মহল তীব্র প্রতিবাদ জানিয়েছে। কারণ এ বিশ্ববিদ্যালয়ে মাদ্রাসাসমূহ নিয়ন্ত্রণের মত দ্বীনি পরিবেশ নেই। এখানে অহরহ মারামারি, চাঁদাবাজি এবং আইন-শৃঙ্খলা ভঙ্গ হচ্ছে এবং অস্থিতিশীল পরিস্থিতির জন্য একজন ভিসিও তার মেয়াদ পূর্ণ করতে পারেনি। ইসলামী বিশ্ববিদ্যালয়ে নিজেদের একাডেমিক কার্যক্রম পরিচালনা করতে যেখানে হিমশিম খাচ্ছে সেখানে ১,৩৯২ ফাজিল-কামিল মাদরাসা পরিচালনা আদৌ সম্ভব নয় বৈঠকে বলা হয়। টেকনাফ থেকে তেঁতুলিয়ার শিক্ষকগণ কোন

আছে, বিশেষ করে জামায়াত-শিবিরের আখ
পরিণত হয়েছে যা মাদরাসা শি
অরাজনৈতিক ধারাকে ব্যাহত করবে।

বৈঠকে বলা হয়, নতুন প্রস্তাবে স
মাদরাসাকে এফিলিয়েশন দান, প্রয়োজ
প্রস্তুতির জন্য ৫ বছর সময় দান, মাদর
অধ্যক্ষ ও বিষয়ভিত্তিক অভিজ্ঞ ওস্তাদগ
সমন্বয়ে একাডেমিক কমিটি গঠনের যে ব্য
রাখা হয়েছে তা ইতিবাচক তবে মাদ
শিক্ষার পরিবেশ কাঙ্ক্ষিত মান অর্জনের
স্বতন্ত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিকল্প
তাই প্রধানমন্ত্রী প্রতিশ্রুতির সফল বাস্তবায়
অনতিবিলম্বে ইসলামী আরবী বিশ্ববিদ্য
প্রতিষ্ঠার ঘোষণা করে চলতি সংসদে বি
সংশোধনের দাবী জানানো হলো- অন
জমিয়াতুল মোদারেছীন দেশের পীর-মাশা
বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন, সং
ছাত্র-জনতাকে নিয়ে এ দাবী আদায়ে
আন্দোলনের ডাক দেবে। বৈঠকে অধ্যক্ষ
মোঃ ইউনুস, অধ্যক্ষ শাব্বীর আ
মোমতাজী, মাওঃ কবি রুহুল আমীন
অধ্যক্ষ মাওঃ আঃ রহমান বেলালী, অধ্যক্ষ
শফিউদ্দীন ভূইয়া, অধ্যক্ষ মাওঃ শামসুল
অধ্যক্ষ মাওঃ নজরুল ইসলাম আল মারুফ
মাওঃ এ কে এম মাহবুবুর রহমান প্রমুখ নে